



# ইঞ্জিনিয়ার্স ইনস্টিটিউশন, বাংলাদেশ (আইইবি)

শহীদ প্রকৌশলী ভবন, আইইবি সদর দফতর, রমনা, ঢাকা-১০০০

ফোন : ০২-২২৩৩৮৯৮৫, ০২-২২৩৩৮৭৮৬০, ফ্যাক্স : ৮৮-০২-২২৩৩৮২৪৪৭,

E-mail : info.iebhq@gmail.com, info@iebbd.org, Web: www.iebbd.org,

স্মারক নং- সদ/আইইবি/জি/অঅ-৯/২০২৫/১২৫

তারিখ : ১৮ জানুয়ারি, ২০২৫ খ্রিঃ

## অফিস স্মারক

ইঞ্জিনিয়ার্স ইনস্টিটিউশন, বাংলাদেশ (আইইবি)-এর সম্মানিত সদস্য (Fellow, Member, Associate Member) সহ সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের আয়কর আইন-২০২৩ এর ২৬৪(৩)(৯) ধারানুযায়ী আইইবি'র সদস্যদের সদস্যপদ প্রাপ্তি ও বহাল রাখা'র ক্ষেত্রে তাঁদের রিটার্ন দাখিলের প্রমাণ (Proof of Submission of Return) আইইবি'তে সংরক্ষণ করার জন্য অতিরিক্ত কর কমিশনার, পরিদর্শী রেঞ্জ-১, কর অঞ্চল-৮, জাতীয় রাজস্ব বোর্ড কর্তৃক গত ০১/১২/২০২৪ খ্রি. তারিখে আইইবি'তে একটি পত্র দাখিল করেন। তৎপ্রেক্ষিতে এই বিষয়ে আইইবি নির্বাহী কমিটির ৭৭৮তম সভায় আলোচনার প্রেক্ষিতে আইইবি'র সদস্যদের সদস্যপদ প্রাপ্তি ও বহাল রাখা'র ক্ষেত্রে আয়কর আইন-২০২৩ এর ২৬৪(৩)(৯) ধারানুযায়ী ব্যবস্থা গ্রহণের মাধ্যমে রাজস্ব আহরণে সরকার'কে সহযোগিতা করার সিদ্ধান্ত গৃহীত হয়।

উক্ত সিদ্ধান্ত মোতাবেক আইইবি'র সম্মানিত সদস্যদের সদস্যপদ প্রাপ্তি ও বহাল রাখা'র ক্ষেত্রে আয়কর আইন, ২০২৩-এর ২৬৪(৩)(৯) ধারা প্রতিপালনের জন্য আইইবি'র সকল প্রকৌশল বিভাগ, কেন্দ্র, উপ-কেন্দ্র, ওভারসীজ চ্যাপ্টার, ইআরসি, বোর্ডসহ সংশ্লিষ্ট সকলকে নির্দেশ দেওয়া যাচ্ছে। একইসঙ্গে “আমরা স্বাবলম্বী হবো, সকলে কর দিবো” এই স্লোগানকে ধারণ করার জন্য আইইবি'র সম্মানিত সদস্যদের অনুরোধ জানানো যাচ্ছে।

অধ্যাপক ড. প্রকৌশলী মো. সাব্বির মোস্তফা খান

সম্মানী সাধারণ সম্পাদক

বিতরণ : সদয় জ্ঞাতার্থে

- ১। প্রেসিডেন্ট, আইইবি;
- ২। ভাইস-প্রেসিডেন্ট (একাডেমিক এণ্ড আন্তর্জাতিক)/(প্রশাসন ও অর্থ)/(এইচআরডি)/(এস এণ্ড ডব্লিউ), আইইবি;
- ৩। সম্মানী সহকারী সাধারণ সম্পাদক (একাডেমিক এণ্ড আন্তর্জাতিক)/(প্রশাসন ও অর্থ)/(এইচআরডি)/(এস এণ্ড ডব্লিউ), আইইবি;
- ৪। চেয়ারম্যান/ভাইস-চেয়ারম্যান/সম্পাদক, সকল প্রকৌশল বিভাগ, আইইবি।
- ৫। চেয়ারম্যান/ভাইস-চেয়ারম্যান/সম্মানী সম্পাদক, সকল কেন্দ্র, আইইবি;
- ৬। চেয়ারম্যান/ভাইস-চেয়ারম্যান/ সম্পাদক, সকল উপকেন্দ্র, আইইবি;
- ৭। নির্বাহী ভাইস-চেয়ারম্যান/সাধারণ সম্পাদক, ইআরসি, আইইবি;
- ৮। সকল সদস্য (Fellow, Member, Associate Member), আইইবি;
- ৯। চেয়ারম্যান/সদস্য-সচিব, বিএইটিই/বিপিইআরবি/ওএসবিবি, আইইবি;
- ১০। রেজিষ্টার/ডীন, ইএসসিবি, আইইবি;

বিতরণ : কার্যার্থে

- ১। নির্বাহী কর্মকর্তা, আইইবি;
- ২। সহকারী নির্বাহী কর্মকর্তা/বন্দ, আইইবি;
- ৩। সকল শাখা প্রধান, আইইবি সদর দফতর;
- ৪। নোটিশ বোর্ড, আইইবি;
- ৫। অফিস কপি।



তারিখ : ০১/১২/২০২৪ খ্রি.

নথি নং- পিএসআর যাচাইকরণ টাক্সফোর্স/কঃঅঃ-৮/২০২৪-২০২৫/২২২

সভাপতি

The Institution of Engineers, Bangladesh (IEB)

রমনা, ঢাকা- ১০০০।

বিষয় : আপনার সংগঠনের সম্মানিত সদস্যগণের করদাতা সনাক্তকরণ নম্বর (টিআইএন) গ্রহণ ও আয়কর রিটার্ন দাখিলের আইনগত বাধ্যবাধকতা পরিপালন নিশ্চিতকরণ প্রসঙ্গে।

সূত্র : ১। জাতীয় রাজস্ব বোর্ডের নথি নং- ০৮.০১.০০০০.০২৭.০৮.০০৪.২১(অশে-৪)/৬২৬, তারিখ : ১৪/০৯/২০২৩ খ্রি।  
২। কর কমিশনারের কার্যালয়, কর অঞ্চল-৮, ঢাকার নথি নং- ২স-১০৭/অফিস আদেশ/২০২৪-২০২৫/৭০৭, তারিখ : ১৭/১১/২০২৪ খ্রি।

উপর্যুক্ত বিষয় ও সূত্রদ্বয়ের প্রতি আপনার দৃষ্টি আকর্ষণ করছি।

জাতীয় রাজস্ব বোর্ডের আয়কর অনুবিভাগ অভ্যন্তরীণ উৎস হতে রাজস্ব আহরণে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করছে। বৈদেশিক সাহায্যের উপর নির্ভরতা হ্রাস এবং আত্মমর্যাদাশীল ও আত্মনির্ভর অর্থনীতির দেশ গড়তে অভ্যন্তরীণ উৎস হতে পর্যাপ্ত রাজস্ব আহরণ এবং করভিত্তি সম্প্রসারণের কোন বিকল্প নেই। “আমরা স্বাবলম্বী হবো, সকলে কর দিবো” এই শ্লোগানকে ধারণ করে জাতীয় রাজস্ব বোর্ডের আয়কর অনুবিভাগ অভ্যন্তরীণ উৎস হতে রাজস্ব আহরণ ও করভিত্তি সম্প্রসারণে নিরলসভাবে কাজ করে যাচ্ছে।

কর ভিত্তি সম্প্রসারণের লক্ষ্যে আয়কর আইন, ২০২৩ এর ২৬৪(৩) ধারায় ৪৫টি ক্ষেত্রে রিটার্ন দাখিলের প্রমাণ (Proof of Submission of Return) দাখিলের বিধান করা হয়েছে। এক্ষেত্রে আইনের ২৬৪(৩)(৯) ধারানুযায়ী আপনার সংগঠনের প্রত্যেক সদস্যের সদস্যপদ প্রাপ্তি ও বহাল রাখতে রিটার্ন দাখিলের প্রমাণ (Proof of Submission of Return) সংগঠনের নিকট দাখিল করতে হবে।

এমতাবস্থায়, আপনার সংগঠনের সকল সদস্যের রিটার্ন দাখিলের প্রমাণক সংরক্ষণের জন্য অনুরোধ জানানো যাচ্ছে।

উল্লেখ্য, যেসকল ক্ষেত্রে রিটার্ন দাখিলের প্রমাণ সংরক্ষণ বাধ্যতামূলক সেসকল ক্ষেত্রে দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি রিটার্ন দাখিলের প্রমাণ সংরক্ষণ নিশ্চিত করবেন। এর ব্যত্যয় পরিলক্ষিত হলে উল্লিখিত দায়িত্বশীল ব্যক্তির উপর আয়কর আইন, ২০২৩ এর ২৬৪(৭) ধারানুযায়ী জরিমানা আরোপের বিধান রয়েছে।

জাতীয় রাজস্ব আহরণে আপনার অবদানের জন্য আন্তরিক ধন্যবাদ।

(মিজা আশিক রানা)  
অতিরিক্ত কর কমিশনার  
পরিদর্শী রেঞ্জ- ১

০১-১২-২০২৪

আহবায়ক, পিএসআর যাচাইকরণ টাক্সফোর্স টিম  
কর অঞ্চল- ৮, ঢাকা  
ফোন নম্বর: +৮৮০২৪১০৫২৭১৭

নথি নং- পিএসআর যাচাইকরণ টাক্সফোর্স/কঃঅঃ-৮/২০২৪-২০২৫/২২২ (২-৬)

তারিখ : ০১/১২/২০২৪ খ্রি.

অনুলিপি: সদয় অবগতির জন্য প্রেরণ করা হলো:

- ১। কর কমিশনার, কর অঞ্চল-৮, ঢাকা (সদয় অবগতির নিমিত্ত)।
- ২। উপকর কমিশনার, সার্কেল-১৬৪, কর অঞ্চল-, ঢাকা (প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের নির্দেশসহ)।
- ৩। উপকর কমিশনার, সার্কেল-১৬৮, কর অঞ্চল-, ঢাকা (প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের নির্দেশসহ)।



Received  
০১/১২/২৪

০১/১২/২৪  
১৫২৩২৫১০৪

০১/১২/২৪

(মিজা আশিক রানা)  
অতিরিক্ত কর কমিশনার  
পরিদর্শী রেঞ্জ- ১

০১-১২-২০২৪

আহবায়ক, পিএসআর যাচাইকরণ টাক্সফোর্স টিম  
কর অঞ্চল- ৮, ঢাকা  
ফোন নম্বর: +৮৮০২৪১০৫২৭১৭